

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৪৮০৯

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ৯. তৃতীয় অনুচ্ছেদ - বক্তৃতা ও কবিতা আবৃত্তি

আরবী

وَعَنْ

أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: بَيْنَا نَحْنُ نَسِيرُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالْعَرَجِ إِذْ عَرَضَ شَاعِرٌ يُنْشِدُ. فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «خُذُوا الشَّيْطَانَ أَوْ أَمْسِكُوا الشَّيْطَانَ لِأَنْ يَمْتَلِيَ جَوْفُ رَجُلٍ قَيْحًا خَيْرٌ لَهُ مِنْ أَنْ يَمْتَلِيَ شِعْرًا». رَوَاهُ مُسْلِمٌ

বাংলা

৪৮০৯-[২৭] আবু সাঈদ আল খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে 'আরয নামক এক গ্রামের মধ্য দিয়ে ভ্রমণ করছিলাম। এমন সময় একজন কবি কবিতা আবৃত্তি করতে করতে সামনে এসে উপস্থিত হলো। তখন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ এ শয়তানকে ধরে ফেলো অথবা বলেছেনঃ এ শয়তানকে থামিয়ে দাও। কোন ব্যক্তির উদর কবিতা দ্বারা পরিপূর্ণ করার চেয়ে পুঁজ দ্বারা ভর্তি করা অনেক উত্তম। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৯-(২২৫৯), সিলসিলাতুস্ সহীহাহ্ ৩৩৬, মুসান্নাফ ইবনু আবু শায়বাহ্ ২৬০৮৪, আহমাদ ১১০৭২, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ২১৬৭৬।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (عَرَضَ) এটা ইয়ামানের একটি শহর। (মিশকাতুল মাসাবীহ)

লোকটিকে শয়তান বলার কারণ : হয়ত সে কাফির ছিল। তার কবিতাটা মন্দ ছিল।

(শারহুন নাবাবী ১৫শ খন্ড, হাঃ ২২৫৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু সাঈদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=75533>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন